



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING/ MORNING NEWS BULLETIN

BENGALI

6 SEPTEMBER 2024

7:45—7:55 PM IST

=====

আসাম সরকার রাজ্যের স্থানীয় জনগোষ্ঠীর ভাষা ও কৃষ্টি-সংস্কৃতি রক্ষার জন্যে আসাম চুক্তির ছয় নম্বর ধারা কার্যকর করা সম্পর্কে বিচারপতি বিপ্লব কুমার শর্মা কমিশনের দেওয়া পরামর্শগুলির ৮০ শতাংশ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল গুয়াহাটীতে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জানান যে- বিপ্লব কুমার শর্মা কমিশনের দেওয়া ৬৭টি পরামর্শের মধ্যে ৫৭টি পরামর্শ আগামী বছরের ১৫ এপ্রিলের মধ্যে বাস্তবায়ন করা হবে।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা প্রতারণা, প্রবন্ধনার হাত থেকে রক্ষা পেতে ভারতীয় রিজার্ভ ব্যাংক অনুমোদিত আর্থিক প্রতিষ্ঠানে নিজেদের অর্থ জমা রাখতে রাজ্যবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল গুয়াহাটীতে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে অনলাইন ট্রেডিং প্রবন্ধনা সম্পর্কে মুখ্যমন্ত্রী জনসাধারণকে এই সম্পর্কে সচেতন হওয়ার আহ্বান জানান। মুখ্যমন্ত্রী বলেন যে- আর বি আই অনুমোদন ছাড়া কোন লেনদেন করা যায় না। রিজার্ভ ব্যাংকের নিয়ম লংঘনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা

হবে বলেও মুখ্যমন্ত্রী আশ্বস্ত করেন। প্রয়োজন হলে এ সম্পর্কে বিশেষ টাঙ্ক ফোর্স গঠন করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানান।

আসাম সরকারের অর্থবিভাগ অভিনন্দন শিক্ষা খণ্ড ভর্তুকি প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কথা ঘোষণা করেছে। শিক্ষা খণ্ডের ক্ষেত্রে ৫০ হাজার টাকা পর্যন্ত ভর্তুকি প্রদান করে শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের আর্থিক বোৰা লাঘব করার উদ্দেশ্যে গ্রহণ করা এই প্রকল্পের পোর্টাল গতকাল থেকে চালু হয়েছে এবং আগামী কুড়ি অক্টোবর পর্যন্ত এই পোর্টাল খোলা থাকবে।

উল্লেখ্য- আসাম সহ অন্যান্য স্থানে শিক্ষা উচ্চশিক্ষা গ্রহণরত শিক্ষার্থীরা সহ বর্তমান সাংসদ, বিধায়ক, পঞ্চায়েত কর্মচারী এবং সরকারী বা সরকার অধিকৃত ক্ষেত্রের স্থায়ী কর্মচারীদের সন্তানেরাও এই প্রকল্পের সুযোগ গ্রহণ করতে পারবে। এই প্রকল্পের সুবিধা গ্রহণ করা শিক্ষার্থীদের আসামের স্থায়ী বাসিন্দা হতে হবে। এছাড়া প্রত্যেক শিক্ষার্থী মাত্র একবারের জন্যেই এই সুবিধা লাভ করতে পারবে।

উল্লেখ্য- যোগ্য বিবেচিত হওয়া শিক্ষার্থীরা আবাসিক প্রমাণ পত্র, পরিচয় পত্র, ঠিকানার প্রমাণ পত্র, ব্যাংক খণ্ডের নথিপত্র সহ অভিভাবকদের পরিচয়ের প্রমাণ পত্র দিয়ে dids.assam.gov.in এর মাধ্যমে বা ১৮০০-২০২৬-২৫৬ এই নম্বের যোগাযোগ করে অভিনন্দন প্রকল্পে আবেদন করতে পারবে।

রাইজর দল, কৃষক মুক্তি সংগ্রাম সমিতি এবং অসম জাতীয়তাবাদী যুব ছাত্র পরিষদের যীথ উদ্যোগে গতকাল হাইলাকান্দি শহরের বিভিন্ন দাবীর সমর্থনে বিক্ষেপ কার্যসূচী পালন করা হয়েছে। বিক্ষেপ কার্যসূচীতে হাইলাকান্দির বন্যা সমস্যা ও নদী ভঙ্গন সমস্যার স্থায়ী সমাধানের দাবী

জানিয়ে জহির উদ্দিন লক্ষ্ম , মুস্তাক হোসেন মাঝারভুইয়া প্রমুখ বক্তব্য রাখেন ।

প এস ইন্টারটেনমেন্টের পক্ষ থেকে হাইলাকান্দি রবীন্দ্র ভবনে গত পয়লা সেপ্টেম্বর প্রথমবারের মতো মিষ্টার ও মিস হাইলাকান্দি প্রতিযোগীতা অনুষ্ঠিত হয় । প্রতিযোগীতায় বিভিন্ন বয়সের মোট ৫২ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন । বিজয়ীরা উত্তর-পূর্ব ভারতের একটি মডেলিং ইভেন্টে অংশগ্রহনের সুযোগ পাবেন বলে আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে ।

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আরসেটি কাছাড়ের উদ্যোগে এবং আনিসা ফাউন্ডেশন ও রংরেল ডেভেলাপমেন্ট এন্ড সোসাল সার্ভিস অর্গেনাইজেশনের সহযোগীতায় পাঁচ দিনের ধূপকাটী তৈরীর প্রশিক্ষন কর্মশালা গতকাল থেকে নরসিংপুরে শুরু হয়েছে । কর্মশালায় নরসিংপুর উন্নয়ন খন্ডের অধীন সপ্তগ্রাম , বনগ্রাম এবং ভাগাবাজার এলাকার আত্ম-সহায়ক গোষ্ঠীর মহিলা সদস্যরা অংশগ্রহণ করেন । আগামী ১০ সেপ্টেম্বর পর্যন্ত এই কর্মশালা চলবে ।

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর প্রিমিয়ারের সহযোগীতায় আগামী সোমবার তাপাং গ্রাম পঞ্চায়েতের অর্ণগত শাহপুরের ইন্দ্রিস আলী এম ই স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের দ্বিতীয় কোয়াটার ফাইনাল খেলায় ভাট্টিরকৃপা এফ সি মুখোমুখি হবে সোনাইছড়া ফুটবল ক্লাবের বিরুদ্ধে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকাল প্রথম কোয়াটার ফাইনাল খেলায় রেনবো ক্লাব ৬-৩ গোলের ব্যবধানে বোয়ালিপার ফারমার্স ক্লাবকে পরাজিত করে ।

রাজ্যের তথ্য ও জনসংযোগ বিভাগের হাইলাকান্দি কার্যালয়ের বড়বাবু প্রদীপ রায় গতকাল গুয়াহাটীর একটি বেসরকারী নার্সিং হোম থেকে শিলচর নিয়ে আসার পথে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৪৯ । উল্লেখ্য প্রদীপ রায় দীর্ঘ দিন থেকে মধুমেহ ও লিভারজনিতি রোগে আক্রান্ত ছিলেন । প্রদীপ রায়ের মৃত্যুতে তথ্য ও জনসংযোগ বিভাগের শিলচর ও হাইলাকান্দি কার্যালয়ের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।
